17 R-07255

10765

তারিখ বাংলা ১৪১৪ সনের ৪ঠা পৌষ
মোতাবেক ইংরাজী ২০০৭ সালের ২০শে ডিসেম্বর।

কোবালা গ্রহীতা ঃ -
পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ

কোবালা দাতা ঃ
শ্রী রাজেশ শর্ম্মা

# সাফ বিক্রয় কোবালা

মুসাবিদাকারক
শ্রী দেবাশীষ দে
এ্যাডভোকেট
হাইকোর্ট, কলিকাতা।
১২ ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট,
কোলকাতা- ৭০০ ০০১।

10765 D-07255

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000

पाँच हजार रुपये

Rs.5000

FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 2625

007060

Additional District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)

20 DEC 2001

Rajesh Sharma

মূল্য ঃ ২৬,২৫,০০০ (ছাব্বিশ লক্ষ পঁচিশ হাজার ) টাকা পণ মূল্যের নিঃস্বত্ব

## সাফ বিক্রয় কোবালা পত্র

কোবালা গ্রহীতা ঃ পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ, পশ্চিমবঙ্গ সরকার কর্ত্তৃক গঠিত একটি বিধিবদ্ধ সংস্থা ১০৫, এস. এন. ব্যানার্জ্জী রোড, থানা - তালতলা, কোলকাতা- ৭০০ ০১৪।

Swapan Kumar Chakraborty

Rajesh Sharma

কোবালা দাতা ঃ শ্রী রাজেশ শর্মা, পিতা - শ্রীকান্ত শর্মা, জাতি - ভারতীয়, ধর্ম - হিন্দু, পেশা - ব্যবসা, সাকিন - বি. ডি -৫, রবীন্দ্রপল্লী, কৃষ্ণপুর, থানা - রাজারহাট, কোলকাতা- ৭০০ ০৫৯।

কস্য হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বীয় হাল আর. এস. ৩০৮২ নং দাগে ৩.৬০ একর মধ্যে ১.০৫ একরের মধ্যে কমবেশী ৩৫ শতকের মধ্যে ০.০৮ শতক স্থানীয় বাংলা মাপে কমবেশী ৫(পাঁচ) কাঠা শালি জমি মায় যাতায়াতের সর্ব্ব প্রকার সুযোগ সুবিধা সহ সম্পূর্ন নির্দ্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয় যোগ্য উত্তম স্বত্বের সাফ কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ -

জেলা উত্তর ২৪ পরগণা,থানা - রাজারহাট, এ. ডি. এস. বিধাননগর সল্টলেক সিটি, পরগণা - কলিকাতা স্থিত মৌজা - ঘুনী গ্রামে জে: এল: নং - ২৩ , রে: স: নং - ২৩২, তৌজি নং -১৭৮ ভুক্ত উর্দ্ধতন মালিক বর্তমান পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে মালেক জমিদার রায়বাহাদুর কানাই লাল নন্দী চৌধুরী মহাশয়ের নিকট হইতে বাংলা ১৩৫৮ সনের ১২ই ফাল্গুন তারিখে আমল নামার দ্বারা পাট্টাই মৌরসী মোকররী রায়তী স্বত্বের বন্দোবস্তীয় বার্ষিক ৫১ টাকা ১৪ আনা জমায় জীতেন্দ্র নাথ মন্ডল ১৩.৯০ শতক জমি বন্দোবস্ত লইয়া খাস দখলে ভোগবান ও দখলীকার হন। উক্ত জীতেন্দ্র নাথ মন্ডল ১৩.৯০ শতক জমির মধ্যে ২.২০ শতক জমি বিক্রয়

Chakraborty

Rajesh Ghosh

করিবার ঘোষনা করিলে বিগত ইংরাজী ১০/৪/১৯৫৬ তারিখে আমার পিতা যতীন্দ্র নাথ ঘোষ ও তাঁহার চারি ভ্রাতা কালী চরণ ঘোষ, যতীন্দ্র নাথ ঘোষ তারাপদ ঘোষ ও রোহিদ কুমার ঘোষ ওরফে রোহিত কুমার ঘোষ মহাশয়গণকে সাবেক ২৮৪৫ নং দাগে ২২ শতক, ২৮৭৪/৩০১১ নং দাগে ৩.৬০ একরের মধ্যে ১.০৫ একর, ২৮৭৩ নং দাগে ৯৯ শতকের মধ্যে ৩৩ শতক ও ২৮৭৪ নং দাগে ৬০ শতক মোট চারটি দাগে ২.২০ শতক জমি খরিদ করেন যাহা কাশীপুর দমদম সাব রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত হয়। যাহা ১ নং বহির ৬১ নং ভল্যুমে পাতা ১০৮ থেকে ১১২ নং পাতায় ১৯৫৬ সালে ৩৭১৮ নং দলিল মূলে লিপিবন্ধ ও নথিভুক্ত আছে। উক্ত সম্পত্তি খরিদ করিয়া আমরা সকল ভ্রাতাগণ নিজ নিজ সম্পত্তি আলাদা আলাদা স্থানীয় বি. এল. এন্ড. এল. আর. ও মোকামে রেকর্ড করান। সাবেক (সি. এস.) ২২৪ নং খতিয়ান ভুক্ত ৬.৫৪ শতকের মালিক যাদব আলি ভূএ্যা মহাশয়ের নামে রেকর্ড ভুক্ত সম্পত্তি।

উক্ত সম্পত্তি যাদব আলি ভূএ্যা ভোগ দখল করিতে থাকাকালীন ১৯৪৩ সালে এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে সেখ হাবিবুল্লা মহাশয়কে তাহার উক্ত সম্পত্তি বিক্রয় করিয়া দেন। যাহা কাশীপুর দমদম সাবরেজিস্ট্রী অফিসের ১ নং বহির ৩১ নং ভলিউমে ২৮১ নং হইতে ২৮৩ নং পাতায় ১৯৪৩ সালে ২১৯৪ নং দলিল মূলে লিপিবন্ধ ও নথিভুক্ত আছে।

K. Chakraborty
Kanungo
Hearing ...

উপরিউক্ত ৬.৫৪ শতক সম্পত্তি উক্ত সেখ হাবিবুল্লা মহাশয় খরিদ করিয়া নিজ নাম স্থানীয় জে. এল. আর অফিসে নাম পত্তন করিয়া খাজনাদি আদায় দিয়া খাসে ভোগ দখল করিতে থাকাকালীন উপরিউক্ত সম্পত্তির মধ্যে কমবেশী ৪.৪৪ শতক শালী জমি বিগত ১৯৫৪ সালে ধীরাজ কুমার দত্ত, শ্রী প্রশান্ত কুমার দত্ত এবং শ্রী নগেন্দ্র নাথ দত্ত এবং সেখ হাবিবুল্লা মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া খাসে ভোগ দখল করিতে থাকুন। যাহা কাশীপুর দমদম সাবরেজিস্ট্রী অফিসে ১ নং বহির ৬৫ নং ভলিউমে ২০৫ হইতে ২০৯ নং পাতায় ১৯৫৪ সালে ৪৬৯৮ নং দলিল মূলে লিপিবদ্ধ ও নথিভুক্ত আছে।

তৎপর উক্ত শ্রী ধীরাজ কুমার দত্ত শ্রী প্রশান্ত কুমার দত্ত এবং শ্রী নগেন্দ্র নাথ দত্ত তাহাদের ৪.৪৪ একর জমি খরিদ করিয়া খাসে ভোগ দখল করিতে থাকাকালীন উক্ত সম্পত্তির মধ্যে কমবেশী ১.০২ একর শালী দমি যাহা উক্ত খুনী মৌজাস্থিত হাল (আর. এস.) ২৭৩৯ দাগে আর. এস. ১০১৫ নং খতিয়ানে সাবের (সি. এস.) ২৫৩৪ নং খতিয়ানে ও খন্ড খতিয়ান নং ২২৪ যাহার বার্ষিক খাজনা ১৩.৩১ পয়সা এবং যাহার হারাহারি খাজনা ০.৩৬ টাকা শ্রী প্রসাদ কুমার ঘোষ (পিতা স্বর্গীয় বতীন্দ্র নাথ ঘোষ) এবং কালীচরণ ঘোষ একত্রে খরিদ করেন। যাহা কাশীপুর দমদম সাবরেজিস্ট্রী অফিফের ১নং বহির ৭ নং ভল্যুমের ২৭৩ হইতে ২৭৫ নং পাতায় ১৯৬৪ সালে ৫২৭৬ নং দলিল মূলে লিপিবদ্ধ ও নথিভুক্ত আছে। ১৮

Rajesh Ghosh

O. R. Chakraborty
Kanungo
W.B. Housing Board

Rajesh Sharma

প্রকাশ থাকে যে, অপর একটি সাফ বিক্রয় কোবালা দলিল মূলে শ্রী প্রসাদ কুমার ঘোষ, শ্রী যতীন্দ্র নাথ ঘোষ, শ্রী কালী চরণ ঘোষ, শ্রী তারাপদ ঘোষ, শ্রী রোহিত কুমার ঘোষ ওরফে রোহিদ কুমার ঘোষ মহাশয়গণ শ্রী আদিত্য রায় চৌধুরী, শ্রী পঙ্কজ রায় চৌধুরী, শ্রীমতী দিপালী রায় চৌধুরী মহাশয়ত্রয়ের নিকট হইতে উক্ত উত্তর ২৪ পরগণা জেলার ঘুনী মৌজায় জে. এল. নং - ২৩, তৌজি নং - ১৭৮, সি. এস. খতিয়ান নং - ৩৬৫, আর. এস. ৯৩৩ নং, সি. এস. দাগ নং - ২৮৭৫, আর. এস. ৩০৮৪ নং দাগে কমবেশী .৮৫ শতক সম্পত্তির মধ্যে .৩৩ শতক শালী জমি খরিদ করেন।

আরও প্রকাশ থাকে যে, উক্ত শ্রী প্রসাদ্ কুমার ঘোষ দীগর উক্ত সম্পত্তি খরিদ করিয়া রিভিসন্যাল সেটেলমেন্ট আর. এস. খতিয়ান নং ১১৭৭, আর. এস. দাগ নং ২৭৩৯ কমবেশী .৩৪ শতক, আর. এস. দাগ নং ৩২১৪, পরিমান কমবেশী ১১ শতক, আর. এস. দাগ নং ৩০৮৪, পরিমান কমবেশী .০৬ শতক এবং আর. এস. দাগ নং ৩০৮২ পরিমান কমবেশী .৩৫ শতক সম্পত্তি রেকর্ড ভুক্ত হয়।

আরও প্রকাশ থাকে যে, উপরিউক্ত সম্পত্তি নিজ নিজ নামে রেকর্ড করাইয়া উপরিউক্ত শ্রী প্রসাদ কুমার ঘোষ (পিতা - মৃত যতীন্দ্র নাথ ঘোষ, সাং গৌরাঙ্গনগর, থানা - রাজারহাট, জেলা - ২৪ পরগণা), তাহার নিজ রেকর্ডে ভুক্ত রাজারহাট থানার অধীন ঘুনী মৌজায় আর. এস. ৩০৮২ নং দাগে ও আর. এস. ১১৭৭ নং খতিয়ানে, সি. এস.

Housing Board

Rajesh Sharma

খতিয়ান নং - ৯৩৩, মোট কমবেশী ৫(পাঁচ) কাঠা শালি জমি জগৎপুর আদর্শ পল্লী নিবাসী স্বর্গীয় বল্লাল দাস মহাশয়ের বিগত ইংরাজী ১লা জুলাই ১৯৯৪ তারিখে পুত্র শ্রী স্বপন দাস বিক্রয় করেন। যাহা এ. ডি. এস. আর. বিধাননগর মোকামে ১ নং বহির ৯৫ নং দলিল মূলে ১৯৯৪ সালে নথিভুক্ত ও লিপিবদ্ধ আছে।

উক্ত স্বপন দাস তাহার খরিদাকৃত ৫(পাঁচ) কাঠা শালি জমি খাসে ভোগ দখল করিতে থাকাবস্থায় বিগত ইংরাজী ১৯৯৬ সালের ১লা নভেম্বর তারিখে এককেতা সাফ বিক্রয় কোবালা দ্বারা তাহার খরিদাকৃত ৫(পাঁচ) কাঠা শালি জমি আমাকে অর্থাৎ অত্র বিক্রেতা শ্রী রাজেশ শর্মাকে বিক্রয় করিয়া চিরনিঃস্বত্ব হয়েন। যাহা এ. ডি. এস. আর. বিধাননগর মোকামে ১নং বহির ১০২ নং ভল্যুমের ২২১ হইতে ২২৮ নং পাতায় ১৯৯৬ সালে ৪৪২৬ নং দলিল মূলে লিপিবদ্ধ ও নথিভুক্ত আছে। যাহা আমি বিক্রেতা উক্ত সম্পত্তি খরিদ করিয়া খাসে ভোগ দখল করিতেছি। যাহা দান, বিক্রয়, বিলি, বন্দোবস্ত সমস্ত রকম হস্তান্তর করিবার ক্ষমতা বিদ্যমান।

এক্ষণে আমার নানাবিধ বৈধ কারনে নগদ অর্থের বিশেষ প্রয়োজন হেতু আমার খরিদা নিম্ন তপশীল ভুক্ত হাল আর. এস. ৩০৮২ নং দাগে ৩.৬০ একর মধ্যে ১.০৫ একরের মধ্যে কমবেশী ২৭ শতক তাহার মধ্যে আমার খরিদা ৫(পাঁচ) কাঠা বা ০.০৮ শতক শালি জমি যাহা আমার আবেদনের ভিত্তিতে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** বিবেচনা

S. K. Chakraborty
Kanungo
W. B. Housing Board

করিলে আমি অত্র কোবালা দাতা বিক্রয় করিতে সম্মত হইলে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের** পক্ষে বেঙ্গল গ্রীন ফিল্ড হাউজিং ডেভলপমেন্ট লিমিটেড (পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের একটি যৌথ সংস্থা) কর্তৃক প্রদত্ত সর্ব্বোচ্চ বাজার দরে মায় পণ মূল্যে কাঠা প্রতি ৫,২৫,০০০্ (পাঁচ লক্ষ পঁচিশ হাজার) টাকা করিয়া মোট **২৬,২৫,০০০্ (ছাব্বিশ লক্ষ পঁচিশ হাজার) টাকা** প্রদান করিতে সম্মত হইলে অদ্য তারিখে নিম্ন জায়মত পণমূল্যের সমুহ টাকা এককালীন বুঝিয়া পাইয়া প্রাপ্তি স্বীকারে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহার পরিমান কমবেশী ০.০৮ শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশী ৫(পাঁচ) কাঠা শালি জমি অত্র সাফ কোবালা দলিল মূলে **পশ্চিমবঙ্গ আবাসান পর্ষদ** -কে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি রীতিমত সরজমিনে মাপ সুরত সীমানা সহরৎ পূর্ব্বক আপনাকে মায় কোম্পানীকে উহার যথারিতী খাস দখল দিয়া উহার দখল আপনার অনুকূলে পরিত্যাগ পূর্ব্বক চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম এবং **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** - কে সমুদয় ভূম্যাদিতে মালিকী স্বত্বের খাস দখল দিলাম। **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** - অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান, মালিক দখলীকার হইয়া জেলা কালেকটারীতে আমার নামের পরিবর্তে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** নিজ নাম পত্তন ক্রমে খাজনাদি প্রদান পুর্ব্বক বিক্রয়, বিলি, বন্টন, পত্তনাদি সর্ব্ব প্রকার হস্তান্তর ও ইমারতাদি নির্মানের স্বত্বাধিকারের সর্ব্ববিধ রূপান্তর করনের ক্ষমতা যুক্তে যদৃচ্ছামত ওয়ারিশানগণ, উত্তরাধিকারী, স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে নির্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিতে থাকুন। বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, অধিকার, লাভ লভ্য সম্পর্কাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে চিরতরে

Rajesh Sharma

রদ, রহিত বিলুপ্ত হইয়া **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** প্রতি নির্ব্যূঢ় স্বত্বে বর্তাইল ও অর্শিল।

যদি আমি কিংবা আমার কোন ওয়ারিশানগণ অত্র বিক্রীত সম্পত্তিতে কোন প্রকার দাবী দাওয়া, ওজর আপত্তি করি কিংবা করে তাহা সর্ব প্রকার আদালতে সর্বতো ভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্বে অন্য কাহারো নিকট কোন প্রকার, দান, বিক্রয়, বিলি, পত্তনাদি দ্বারা হস্তান্তরের চুক্তি বা দায়বদ্ধ করি নাই। বিক্রীত সম্পত্তির উপর কোন চার্জ বা বিক্রীত সম্পত্তি কোনরূপ বকেয়া খাজনার দায়ে বা অন্য কোন কারনে কোন অফিস আদালতে কর্ত্তৃক নীলাম বিক্রয় হয় নাই কিম্বা বিক্রীত সম্পত্তি কোন দেবোত্তর বা ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি নহে। অথবা বিক্রীত সম্পত্তি কোন জনহিতকর কার্য্যের জন্য সরকার বা পঞ্চায়েত বা কলিকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি বা কলিকাতা ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট বা অন্য কোন সরকারী সংস্থা কর্ত্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। অথবা বিক্রীত সম্পত্তি কাহারও খোর পোষের দায়ে বা কোন ব্যাঙ্কের দেনার দায়ে কোন আদালত কর্ত্তৃক ক্রোকাবদ্ধ হয় নাই বা উহার কোন প্রকার ইনজাংশান জারি হয় নাই। বিক্রীত সম্পত্তি কাহাকেও বেনামদার করি নাই বা উহা গভর্ণমেন্ট বা কোন যৌথ কোম্পানী কর্ত্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ ও মুক্ত অবস্থায় আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকারী বা খাস দখল থাকাকালীন আপনার নিকট বিক্রয় করিলাম। আপনি কোবালা গ্রহীতা উক্ত সম্পত্তি ক্রয় করিবার পূর্বে সর্ব্ব প্রকার সার্চাদি করিয়া লইয়াছেন। তবুও ভবিষ্যতে আমার উক্তির বৈপরীত্য ঘটিয়া

S. K. Chakraborty
Kanungo
W.B. Housing Board

Rajesh Saraogi

থাকিলে বা আমার শঠতা তঞ্চকতা প্রকাশ হইয়া থাকিলে বা আমার স্বত্ব দখলের কোন গলযোগ হেতু আপনার খরিদা স্বত্ব স্বার্থ বা দখলের কোন প্রকার ক্ষতি হইলে আমি সম্পূর্ণ দায়ী বা দন্ডনীয় হইব এবং আইনত ক্ষতি পূরণ সহ পণমূল্য সমুদয় টাকা এককালীন ফেরৎ দিতে ওয়ারিশান গণক্রমে বাধ্য ও সম্মত রহিলাম।

অত্র বিক্রীত সম্পত্তি সংক্রান্ত যাবতীয় কাগজপত্র যাহা বর্তমানে আমার নিকট আছে তাহা সমুদয়ই আপনাকে প্রদান করিলাম। ভবিষ্যতে তল্লাশ মতে যদি আর কিছু কাগজপত্র পাওয়া যায় তাহাও আপনাকে ওয়ারিশ গণক্রমে দিতে বাধ্য রহিলাম।

আরো প্রকাশ থাকেঁ যে, অত্র দলিলের ভবিষ্যতে যদি কোন ভুল ভ্রান্তি, ত্রুটি দৃষ্ট হয় বা থাকা প্রকাশ পায় তাহা হইলে আমি অত্র দলিলের কোবালা দাতা ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে আপনার খরচায় আপনার তলবে উক্ত ত্রুটি সংশোধন করিয়া দিতে বাধ্য রহিলাম বা থাকিবেক।

অত্র দলিল সংলগ্ন নকশায় লাল রঙের রঞ্জিত অংশ বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহা নিম্ন তপশীলে বিশদ ভাবে বর্ণিত আছে। উক্ত সম্পত্তির সংলগ্ন কমন প্যাসেজ দিয়া যাতায়াতের রাস্তা আপনার সর্ববিধ ব্যবহারের জন্য রহিল এবং উক্ত রাস্তার উপর দিয়া যাতায়াত, ভাড়া বাঁধা, মন্ডপ নির্মাণ এবং উপর বা নিচ দিয়া বিদ্যুৎ সংযোগ, জল নিকাশী

S. K. Chakraborty
Kanungo
Housing Board

ড্রেন, গ্যাসের পাইপ, টেলিফোন সংযোগ, বিদ্যুৎ স্তম্ভ নির্মাণ প্রভৃতি করিতে পারিবেন তাহাতে অপর কাহারো কোন ওজর আপত্তি চলিবে না।

এতদর্থে সুস্থ শরীরে, সরল অন্তঃকরনে, অন্যের বিনা প্ররোচনায় ও বিনা অনুরোধে পনের সমুদয় টাকা সাক্ষীগণের সম্মুখে গ্রহণ করতঃ এবং অত্র দলিলের সম্যক বিষয় বস্তু সম্পূর্ণ রূপে অবগত হইয়া, স্বেচ্ছায় উহাতে নিজ নাম দস্তখত করিলাম এবং রেজিস্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ বাংলা ১৪১৪ সালের ৪ঠা পৌষ, মোতাবেক ইংরাজী ২০০৭ সালের ২০শে ডিসেম্বর।

## তপশীল বর্নিত বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা উত্তর ২৪ পরগণা,থানা - রাজারহাট, এ. ডি. এস. বিধাননগর সল্টলেক সিটি,পরগণা - কলিকাতা স্থিত মৌজা - ঘুনী গ্রামে জে:এল:নং - ২৩ , রে:স:নং - ২৩২, তৌজি নং - ১৭৮ ভুক্ত উর্দ্ধতন মালিক বর্তমান পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে পাট্টাই মৌরসী মোকররী হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট সাবেক (সি. এস.) ৯৩৩ হাল (আর. এস.) ১১৭৭ নং খতিয়ানের অন্তর্গত ঃ -

সাবেক (সি. এস.) ২৮৭৪/৩০১১ নং দাগে হাল (আর. এস.) ৩০৮২ নং দাগে শালি ৩.৬০ শতক জমি হইতে চিহ্নিত মতে ১.০৫ একরের মধ্যে ২৭ শতক তাহার মধ্যে

Rajesh Sharma

আমার খরিদা ০.০৮ শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশী ৫(পাঁচ) কাঠা শালি জমি মায় চলাচলের যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালায় বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহা জ্যাংড়া হাতিয়াড়া ২ নং গ্রাম পঞ্চায়েতের অধীন। ইহার হারাহারি মতে বার্ষিক খাজনা পশ্চিমবঙ্গ সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে সন সন প্রদেয়। অত্র সংলগ্ন নকসায় লাল রঙের রেখার দ্বারা চিহ্নিত ও সীমানকৃত। অত্র নকশা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

-: যাহার চৌহদ্দি :-

উত্তরে ঃ আর. এস. দাগ নং ৩০৮১।

দক্ষিনেঃ আর. এস. ৩০৮২ নং দাগে শ্রী প্রসাদ ঘোষ।

পূর্বে ঃ আর. এস. ৩০৮২ নং দাগে শ্রী বাবলু ঘোষ ও শ্রীমতী সন্ধ্যা ঘোষ।

পশ্চিমেঃ আর. এস. ৩০৮২ নং দাগের তারা পদ ঘোষের ওয়ারিশগণ।

S. K. Chakraborty
Kanungo
W. B. Housing Board

Rajesh Sharma

## টাকার জায়

১) ব্যাঙ্ক পে-অর্ডার মারফৎ প্রাপ্ত
এইচ. ডি. এফ. সি., সেন্ট্রাল প্লাজা শাখা,
শরৎ বসু রোড, কোলকাতা- ৭০০ ০১৭। ১৫,০০,০০০.০০ টাকা
যাহার নং ৫৬-০০০৭

তাং ১৩/১২/০৭

২) নগদে ১০০০ টাকার, ৫০০, ১০০ টাকার নোট ১১২৫ খানায় ১১,২৫,০০০.০০ "

---

মোটঃ ২৬,২৫,০০০.০০ টাকা

(মবলগে আমি শ্রী রাজেশ শর্ম্মা ব্যাঙ্ক পে-অর্ডার ও নগদে মোট ছাব্বিশ লক্ষ পঁচিশ হাজার টাকা মাত্র বুঝিয়া পাইলাম)।

ইসাদি ঃ-

১) শ্রী উত্তম কান্তি সরকার
গ্রা. + পো. - গৌরাঙ্গ নগর
থানা - রাজার-হাট
জিলা - উত্তর ২৪পরগনা

Rajesh Sharma
শ্রী রাজেশ শর্ম্মা
(দাতা)

২) সঞ্জয় বড়াল
গ্রা+পো গৌরাঙ্গ নগর
থানা:- রাজার হাট
জে:- উত্তর 24পর গোনা

পঃবঃ হাউসিং বোর্ডের পক্ষে-
সুশান্তকুমার চক্রবর্তী
S. K. Chakraborty
Kanungo
W. B. Housing Board
(গ্রহীতা)

মুসাবিদাকারক :-
Debasish De
শ্রী দেবাশীষ দে
এ্যাডভোকেট
১২ ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট,
হাইকোর্ট, কলিকাতা।

টাইপকারক :-
Nityananda Guha
গুহ টাইপ চেম্বার
১২, ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট
কলিকাতা- ৭০০ ০০১।

S. K. Chakraborty
Kanungo
W. B. Housing Board

SIGNATURE OF THE PRESENTANT/ EXECUTANT/SELLER/ BUYER/CAIMENT WITH PHOTO

# UNDER RULE 44A OF THE I.R. ACT 1908

N.B. - LH BOX-SMALL TO THUMB PRINTS
R.H. BOX- THUMB TO SMALL PRINTS

Rajesh



Rajesh Sharma

LH.

RH.

ATTESTED :- Rajesh Sharma



S. K. Chakraborty
Kanungo
W. B. Housing Board

LH.

RH.

ATTESTED :-

K. Chakraborty
Kanungo
W. B. Housing Board

PHOTO

LH.

RH.

ATTESTED :-

Government Of West Bengal
Office of the A. D. S. R. BIDHAN NAGAR
BIDHAN NAGAR
Endorsement For deed Number :I-07255 of :2007
(Serial No. 10765, 2007)

**On 20/12/2007**

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))**

Presented for registration at 18.00 on :20/12/2007,at the Private residence by S K Chakroborty,Claimant.

**Admission of Execution(Under Section 58)**

Execution is admitted on :20/12/2007 by
1. Rajesh Sharma, son of Srikanta Sharma,B D -5 Rabindra Pally,Thana Rajarhat,Pin 700055, By caste Hindu,by Profession :Business
2. S K Chakroborty,.,West Bengal Housing Board,105, S N Banerjee Road,Kolkata-700014,Kolkata-700014, profession :Service

Identified By Tusher Kanti Sarkar, son of , Vill+p.o- Gouranganagar Dist:- North 24 Parganas Thana: Rajarhat, by caste Hindu,By Profession :Business.

Name of the Registering officer :**Nurul Amin Khan**
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

**On 26/12/2007**

**Admissibility(Rule 43)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number :23 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.-10/-

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 28864/- on:26/12/2007

**Certificate of Market Value(WB PUVI rules 1999)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs-2625000/-

Certified that the required stamp duty of this document is Rs 157500 /- and the Stamp duty paid as: Impresive Rs- 5000

[Nurul Amin Khan]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BIDHAN NAGAR
Govt. of West Bengal

Government Of West Bengal
Office of the A. D. S. R. BIDHAN NAGAR
BIDHAN NAGAR
Endorsement For deed Number :I-07255 of :2007
(Serial No. 10765, 2007)

---

Deficit stamp duty

Deficit stamp duty : 1.Rs 126400/- is paid by the draft no. :124130, Draft date:19/12/2007, Bank name:STATE BANK OF INDIA, Ballygunge Kol, recieved on :26/12/2007. 2.Rs 26250/- is paid by the draft no. :123866, Draft date:20/12/2007, Bank name:STATE BANK OF INDIA, Ballygunge Kol, recieved on :26/12/2007.

Name of the Registering officer :**Nurul Amin Khan**
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

[Nurul Amin Khan]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BIDHAN NAGAR
Govt. of West Bengal

(17)

**SITE PLAN OF LAND. PART OF R. S. DAG NO.-3082..**
**R.S. KH.NO.- 1177 .. AT MOUZA - GHUNI.. J. L. NO.- 23..**
**UNDER- JYANGRA-HATIARA 2 NO. GRAM PANCHAYET..**
**P.S.-RAJARHAT.. DISTRICT -NORTH 24 PARGANAS..**

SCALE - N.T.S.


**AREA OF LAND -:0.08 DECIMEL**

N ⇧

**VENDEE**
WEST BENGAL HOUSING BOARD.

**VENDOR**
SRI. RAJESH SHARMA.

Rajesh Sharma




Kanungo W.B. Housing Board

VENDOR'S SIGNATURE

Rajesh Sharma

DRAWN BY

MD. SARWARDI
VILL+P.O.- GHUNI
KOLKATA - 700059

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 6
Page from 5667 to 5684
being No 07255 for the year 2007.

(Nurul Amin Khan) 28-December-2007
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A. D. S. R. BIDHAN NAGAR
West Bengal